

## 🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৩৪

## 💵 আরবি মূল আয়াত:

قُل هَل مِن شُركَآئِكُم مَّن يَّبدَوُّا الخَلقَ ثُمَّ يُعِيدُهُ ۚ قُل ِاللَّهُ يَبدَوُّا الخَلقَ ثُمَّ يُعِيدُهُ ۚ وَاللَّهُ يَبدَوُّا الخَلقَ ثُمَّ يُعِيدُهُ ۚ وَاللَّهُ يَبدَوُّا الخَلقَ ثُمَّ يُعِيدُهُ فَانِّى تُؤْفَكُونَ ﴿٣٣﴾

## 

বল, 'তোমাদের শরীকদের কেউ কি আছে, যে প্রথম সৃষ্টি করবে, অতঃপর তার পুনরাবৃত্তি ঘটাবে'? বল, 'আল্লাহই প্রথম সৃষ্টি করেন অতঃপর তার পুনরাবৃত্তি ঘটান'। অতএব তোমাদেরকে কোথায় ফিরানো হচ্ছে? — আল-বায়ান বল "তোমরা যাদেরকে শরীক কর তাদের মধ্যে এমন কেউ আছে কি যে সৃষ্টির সূচনা করে এবং তার পুনরাবর্তনও ঘটাতে পারে?" বল "আল্লাহই সৃষ্টির সূচনা করেন এবং তার পুনরাবর্তন ঘটান।" তাহলে কীভাবে তোমরা বিচ্যুত হয়ে যাচ্ছ (সত্য পথ থেকে)? — তাইসিকল

(হে নাবী) তুমি বলঃ তোমাদের (নিরূপিত) শরীকদের মধ্যে এমন কেহ আছে কি যে প্রথমবারও সৃষ্টি করে এবং পুনরাবর্তন করতে পারে? তুমি বলে দাওঃ আল্লাহই প্রথমবারও সৃষ্টি করেন, অতঃপর তিনিই পুনর্বারও সৃষ্টি করেবন, অতএব তোমরা (সত্য হতে) কোথায় ফিরে যাচ্ছ? — মুজিবুর রহমান

Say, "Are there of your 'partners' any who begins creation and then repeats it?" Say, "Allah begins creation and then repeats it, so how are you deluded?" — Sahih International

৩৪. বলুন, তোমরা যাদের শরীক কর তাদের মধ্যে কি এমন কেউ আছে, যে সৃষ্টিকে অন্তিত্বে আনে ও পরে সেটার পুনরাবৃত্তি ঘটায়? বলুন, 'আল্লাহই সৃষ্টিকে অন্তিত্বে আনেন ও পরে সেটার পুনরাবৃত্তি ঘটাবেন।(১) কাজেই (সত্য থেকে) তোমাদেরকে কোথায় ফেরানো হচ্ছে?

(১) সৃষ্টির সূচনা সম্পর্কে মুশরিকরাও স্বীকার করতো যে, এটা একমাত্র আল্লাহরই কাজ। তাঁর সাথে যাদেরকে তারা শরীক করে তাদের কারো এ কাজে কোন অংশ নেই। আর সৃষ্টির পুনরাবৃত্তির ব্যাপারটিও সুস্পষ্ট। অর্থাৎ প্রথমে যিনি সৃষ্টি করেন তাঁর পক্ষেই দ্বিতীয়বার সৃষ্টি করা সম্ভব। কিন্তু যে প্রথমবারই সৃষ্টি করতে সক্ষম হয়নি সে দ্বিতীয়বার সৃষ্টি করতে পারে কেমন করে? অন্য আয়াতেও আল্লাহ তা ঘোষণা করেছেন। তিনি বলেন, "আল্লাহ, যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন, তারপর তিনি তোমাদেরকে জীবিত করবেন। (আল্লাহর সাথে শরীক সাব্যস্তকৃত) তোমাদের মা'বুদগুলোর এমন কেউ আছে কি, যে এসবের কোন কিছু করতে পারে? তারা যাদেরকে শরীক করে, তিনি (আল্লাহ) সে সব (শরীক) থেকে মহিমাময়-পবিত্র ও অতি উর্ধ্বে। [সূরা আর-ক্রম ৪০] আরও বলেন, "আর



তারা তার পরিবর্তে ইলাহরূপে গ্রহণ করেছে অন্যদেরকে, যারা কিছুই সৃষ্টি করে না, বরং তারা নিজেরাই সৃষ্ট এবং তারা নিজেদের অপকার কিংবা উপকার করার ক্ষমতা রাখে না এবং মৃত্যু, জীবন ও উত্থানের উপরও কোন ক্ষমতা রাখে না। [সূরা আল-ফুরকানঃ ৩]

তাফসীরে জাকারিয়া

- (৩৪) তুমি বল, 'তোমাদের নিরূপিত শরীকদের মধ্যে এমন কেউ আছে কি, যে প্রথমবারও সৃষ্টি করে, আবার পুনর্বারও সৃষ্টি করে?' তুমি বল, 'আল্লাহই প্রথমবারও সৃষ্টি করেন। অতঃপর তিনিই পুনর্বারও সৃষ্টি করবেন। অতএব তোমরা (সত্য হতে) কোথায় ফিরে যাচ্ছ?' [1]
  - [1] মুশরিকদের শিরক কর্মের অসারতাকে পরিষফুটিত করার জন্য তাদেরকে জিজ্ঞাসা করা হচ্ছে যে, বল, 'তোমরা যাদেরকে আল্লাহর সাথে শরীক করছ, তারা কি এই বিশ্বজগৎকে প্রথমে সৃষ্টি করেছে? অথবা পুনরায় তা সৃষ্টি করার ক্ষমতা রাখে?' কক্ষনই না। প্রথম সৃষ্টিকারীও আল্লাহ এবং কিয়ামতের দিন তিনিই পুনরায় সকলকে জীবিত করবেন। সুতরাং তোমরা হিদায়াতের পথ ছেড়ে কোথায় ফিরে যাচ্ছ?

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1398

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন